"যুবরা-ই পারবে, যুবরা-ই লড়বে,
সমৃদ্ধ বাংলাদেশ তারা-ই গড়বে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-৫২২,

তারিখঃ- ০১ আশ্বিন, ১৪২৩
১৬ অক্টোবর, ২০১৬

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক/যুবনারীদের কর্মসংস্থানের লক্ষ্যে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের পাশাপাশি উদ্যোক্তা গড়ে উঠার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর সমন্বিত কৃষি, বস্ত্র, ট্যুরিজম ও হোটেল ব্যবস্থাপনা বিষয়ে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম	কোর্স ফি (টাকা)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	প্রশিক্ষণ ভাতা (টাকা)	সাক্ষাৎকারের তারিখ
০১.	**"গবাদিপশু,হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স,** (মেয়াদ-৩ মাস, আবাসিক) **(০১ নভেম্বর, ২০১৬ - ৩০ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত)** **০১টি কেন্দ্র ঃ আসন সংখ্যা-১২০ জন** সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।	১০০/-	অষ্টম শ্রেণি পাশ	১২০০/- (আবাসিক) উপস্থিতির ভিত্তিতে।	৩০ অক্টোবর, ২০১৬ স্ব-স্ব উপজেলা কার্যালয়
	৩১টি কেন্দ্র ঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০ জন ময়মনসিংহ, সিলেট, রংপুর, ফেনী, যশোর, বগুড়া, বরিশাল, জামালপুর, ফরিদপুর, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও, কুমিল্লা, বাগেরহাট, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, পাবনা, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নওগাঁ, নাটোর, খুলনা, মাগুরা, নোয়াখালী, চাঁদপুর, বি-বাড়ীয়া, হবিগঞ্জ, ভোলা, চাঁপাইনবাবগঞ্জ, সুনামগঞ্জ ও পটুয়াখালী যুব প্রশিক্ষণ কেন্দ্র।	"	"	"	"
	২০টি কেন্দ্র ঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০ রাজশাহী, চট্টগ্রাম, ঝালকাঠি, মৌলভীবাজার, নরসিংদী, কুষ্টিয়া, বান্দরবান, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, শেরপুর, নড়াইল, ঝিনাইদহ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, পিরোজপুর, মুন্সীগঞ্জ, পঞ্চগড়, ও কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্র।	"	"	"	"
	২টি কেন্দ্র ঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন বরগুনা ও কুড়িগ্রাম (অনাবাসিক) যুব প্রশিক্ষণ কেন্দ্র।	"	"	৭০০/- (অনাবাসিক ও প্রশিক্ষণ ভাতা কেবল কুড়িগ্রাম কেন্দ্রের জন্য প্রযোজ্য)।	"
০২.	**"ব্লক বাটিক ও স্ক্রিণ প্রিন্টিং", (মেয়াদ-০৪ মাস, অনাবাসিক)** **(০১ নভেম্বর, ২০১৬ - ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ পর্যন্ত)** **১০টি কেন্দ্রঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন।** ঢাকা জেলা-০৫টি, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, ফরিদপুর ও খুলনা।	৫০/-	অষ্টম শ্রেণী	(অনাবাসিক)	৩০ অক্টোবর, ২০১৬ স্ব-স্ব জেলা কার্যালয়
০৩.	**হাউজকিপিং (মেয়াদ ০৩ মাস, অনাবাসিক)** **(০১ নভেম্বর, ২০১৬ থেকে ৩০ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত)** **০৩টি কেন্দ্র, প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন** চট্টগ্রাম যুব প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ও বান্দরবান জেলা কার্যালয়	৫০০/-	এস,এস,সি বা সমমানের	(অনাবাসিক)	৩০ অক্টোবর, ২০১৬ স্ব-স্ব জেলা কার্যালয়
০৪.	**টুরিস্ট গাইড (মেয়াদ ০৩ মাস, অনাবাসিক)** **(০১ নভেম্বর, ২০১৬ - ৩০ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত)** **০৩টি কেন্দ্র ঃ প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন** বান্দরবান, খাগড়াছড়ি ও সিলেট জেলা কার্যালয়	৫০০/-	এস,এস,সি বা সমমানের	(অনাবাসিক)	৩০ অক্টোবর, ২০১৬ স্ব-স্ব জেলা কার্যালয়

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ

ক) বর্ণিত প্রশিক্ষণ কোর্সে দরখাস্ত জমা প্রদানের শেষ তারিখ ২৭ অক্টোবর, ২০১৬ এবং প্রশিক্ষণ শুরু ০১ নভেম্বর, ২০১৬।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত ও যুবনারী প্রার্থীকে মনোনয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) নির্ধারিত আবেদন ফরমে (০১) নাম (বাংলা ও ইংরেজি) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজি) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজি) (০৪) জন্মতারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স, (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্মসনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বও (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে), (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd. ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা স্ব স্ব জেলার উপ-পরিচালক/ কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটরের কার্যালয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণ নির্বিশেষে আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/ যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্রসমূহ সংগে আনতে হবে।

জ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।

ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

(ক) ০১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/-(একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।

(খ) ০৩ ও ০৪ নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে। তবে পার্বত্য জেলার বেকার যুবক ও যুবনারীগণ এর ক্ষেত্রে ভর্তি ফি প্রযোজ্য হবে না।

(গ) ০১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় কোর্সে ভর্তিকৃতদের হোষ্টেলে অবস্থান বাধ্যতামূলক (কেবল যুব প্রশিক্ষণ কেন্দ্র, কুড়িগ্রামে প্রশিক্ষণটি অনাবাসিক)।

(ঘ) ০১নং ক্রমিকে বর্ণিত কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে বিধায় কেবল হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

(ঙ) ০১নং ক্রমিকে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির ক্ষেত্রে যে কেন্দ্রে মহিলা হোষ্টেল নেই সে কেন্দ্রে মহিলা প্রশিক্ষণার্থীদেরকে অনাবাসিক হিসেবে প্রশিক্ষণের সুযোগ দেয়া হবে।

(চ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃংখলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।

[illegible] জন্য যোগাযোগ ঃ

* উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (স্ব স্ব জেলা)।
* কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (স্ব স্ব জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (স্ব স্ব উপজেলা)।

(মোঃ আখতার জামী সরকার)
পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৯৫৬০৭৬১।

পাতা/৩

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৫২২,

তারিখঃ- ০১ কার্তিক, ১৪২৩
১৬ অক্টোবর, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। পরিচালক/প্রকল্প পরিচালক..(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪। সচিবের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা) .... জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী মনোনয়ন/নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য ও পশুসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক কার্যালয় জেলা অফিস, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, পশুসম্পদ কর্মকর্তার কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভুক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে।

০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ...(১০টি কেন্দ্র)।

০৭। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ...(৪৪টি কেন্দ্র)।

তাঁকে কোটা পূরণে সার্বক্ষণিকভাবে উপজেলা ও জেলা কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।।

০৮। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ... উপজেলা, ...জেলা। তাঁকে কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১১। অফিস কপি।

*** প্রশিক্ষণার্থীদের চাহিদার উপর ভিত্তি করে অতিরিক্ত সর্বোচ্চ ১০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা যাবে। ১০ জনের বেশী হলে প্রধান কার্যালয়ের অনুমোদন বাধ্যতামুলকভাবে গ্রহণ করতে হবে।**

১৬/১০/২০১৬
(চায়না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৯৫৬৭৭৭১।